গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
ফুলতলা, খুলনা।
www.dss.phultala.khulna.gov.bd

"প্রযুক্তি ও মমতায়, কল্যাণ ও সমতায়, আস্থা আজ সমাজসেবায়"

**নম্বর:** ৪১.০১.৪৭৬৯.০০০.০০০.০৬.০০০৫.২৫.২৩৬

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩
০৬ জুলাই ২০২৬

## বিজ্ঞপ্তি

বিষয়: **প্রতিবন্ধী শনাক্ত হতে আগ্রহী ব্যক্তিদেরকে প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপে অংশগ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ফুলতলা উপজেলার সকলকে জানানো যাচ্ছে যে, প্রতিবন্ধী শনাক্ত হতে আগ্রহী ব্যক্তিদের আগামী **১৪ জুলাই ২০২৬ খ্রি. তারিখ রোজ-মঙ্গলবার, সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা** পর্যন্ত প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটির পক্ষে উপজেলা সমাজসেবা অফিসার ও মেডিক্যাল অফিসার এবং কমিটির অন্যান্য সদস্য কর্তৃক প্রতিবন্ধিতা শনাক্তকরণ কার্যক্রম পরিচালনা করা হবে। এমতাবস্থায়, প্রতিবন্ধী শনাক্ত হতে আগ্রহী ব্যক্তিদেরকে উক্ত তারিখে সকাল ০৯:৩০ ঘটিকায় প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপে অংশগ্রহণ করার বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

**প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপে অংশগ্রহণ করার জন্য প্রয়োজনীয় কাগজপত্র:**

১। নির্ধারিত ফরমে আবেদনপত্র।

২। ডিজিটাল জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

৩। দৃষ্টি, বাক ও শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের এবং অন্যান্য বিশেষ (শারীরিক) ক্ষেত্রে নির্ধারিত ফরমে সরকারি হাসপাতালের সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ডাক্তারের প্রত্যয়ন ও রিপোর্ট।

৪। **আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়েনিবন্ধিত সক্রিয় সিম-এর মোবাইল ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে।** উল্লেখ্য যে, **কোনো মোবাইল হিসাব নম্বর দিয়ে ভাতা পেয়ে থাকলে সেই নম্বরটি কোনোক্রমেই দেওয়া যাবে না।** অনূর্ধ্ব ১৮ বছরের **ক্ষেত্রে পরিবারের কোনো সদস্যের সেই মোবাইল হিসাব নং দেওয়া যাবে যে নম্বরটি কোনো ভাতার জন্য পূর্বে ব্যবহৃত হয় নাই।**

**প্রতিবন্ধিতা শনাক্তকরণের স্থান:** শহিদ হাবিবুর রহমান মিলনায়তন, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।

### বিশেষ দ্রষ্টব্য:

যারা প্রকৃত প্রতিবন্ধী তাঁদের কোনো সুপারিশের প্রয়োজন হবে না। এমনিতেই শনাক্তকরণের শর্ত পূরণ হলে তাঁদেরকে ডাক্তার কর্তৃক প্রতিবন্ধী হিসেবে শনাক্ত করা হবে এবং পরিচয়পত্র প্রদান করা হবে। এমতাবস্থায়, কোনো দালাল বা অন্য কাউকে টাকা দিয়ে প্রতারিত না হওয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রতিবন্ধিতা শনাক্তকরণ এবং প্রতিবন্ধী পরিচয়পত্র প্রদান কর্মসূচি একটি বিনামূল্যে সেবা এবং এজন্য সমাজসেবা অফিসে কোনো ফিস বা টাকা প্রদান করতে হয় না।

০৬-০৭-২০২৬
মোঃ ফিরোজশাহ্
উপজেলা সমাজসেবা অফিসার
ফোন : ০১৭০৮-৪১৪৯৬৫
ইমেইল : usso.phultala@dss.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। পরিচালক (উপসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা।

২। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলতলা, খুলনা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ফুলতলা, খুলনা।
৫। ................................................, সদস্য, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি, ফুলতলা, খুলনা।
৬। জনাব ডাঃ অমিয় কুমার দাস, মেডিক্যাল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলতলা, খুলনা।
৭। চেয়ারম্যান, ........................... ইউনিয়ন, ফুলতলা, খুলনা।